# জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ ছালাতের পদ্ধতি

রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

হাতের উপর ভর করে উঠার ছহীহ হাদীছ

হাতের উপর ভর করে উঠার ছহীহ হাদীছ :

عَنْ مَالِكِ بْنِ الْحُوَيْرِثِ اللَّيْثِىِّ أَنَّهُ رَأَى النَّبِىَّ يُصَلِّى فَإِذَا كَانَ فِىْ وِتْرٍ مِنْ صَلاَتِهِ لَمْ يَنْهَضْ حَتَّى يَسْتَوِىَ قَاعِدًا .

মালেক বিন হুওয়াইরিছ (রাঃ) হতে বর্ণিত, রাসূল (ছাঃ) যখন বেজোড় রাক‘আতে থাকতেন, তখন সুস্থির হয়ে না বসে দাঁড়াতেন না।[1] অন্য হাদীছে এসেছে যে, وَإِذَا رَفَعَ رَأْسَهُ عَنِ السَّجْدَةِ الثَّانِيَةِ جَلَسَ وَاعْتَمَدَ عَلَى الْأَرْضِ ثُمَّ قَامَ ‘যখন তিনি দ্বিতীয় রাক‘আতে সিজদা থেকে মাথা উঠাতেন, তখন বসতেন এবং যমীনের উপর ভর দিয়ে দাঁড়াতেন’।[2]

অনেকে ব্যাপক ভিত্তিক হাদীছের আলোকে সরাসরি উঠে যান।[3] অথচ উক্ত হাদীছদ্বয়ে নির্দিষ্ট আমল বর্ণিত হয়েছে। আর এই হাদীছই বেশী। ইমাম বুখারীও একে অগ্রাধিকার দিয়েছেন।[4] তাছাড়া বৃদ্ধ বয়সে হাতের উপর ভর দিয়ে উঠা ছাড়া কোন উপায় থাকে না। তাই ইমাম ইসহাক্ব ইবনু রাহওয়াইহ (রহঃ) বলেন,مَضَتِ السُّنَّةُ مِنَ النَّبِىِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يَّعْتَمِدَ عَلَى يَدَيْهِ وَيَقُوْمُ شَيْخًا كَانَ شَابًا ‘রাসূল (ছাঃ) থেকে এই সুন্নাত চলে আসছে যে, মুছল্লী যুবক হোক আর বৃদ্ধ হোক দুই হাতের উপর ভর দিয়ে দাঁড়াবে।[5] সুতরাং শান্তিপূর্ণভাবে বসে তারপর দাঁড়াতে হবে।

## ফুটনোট

[1]. বুখারী হা/৮২৩, ১/১১৩ পৃঃ, (ইফাবা হা/৭৮৫ ও ৭৮৬, ২/১৪১ পৃঃ); মিশকাত হা/৭৯৬।

[2]. বুখারী হা/৮২৩, ১/১১৩ পৃঃ, (ইফাবা হা/৭৮৫ ও ৭৮৬, ২/১৪১ পৃঃ); মিশকাত হা/৭৯৬; বঙ্গানুবাদ মিশকাত হা/৭৪০, ২/২৫৪ পৃঃ; বুখারী হা/৮২৪, ১/১১৪ পৃঃ; ছহীহ ইবনে খুযায়মাহ হা/৬৮৭; বায়হাক্বী, সুনানুল কুবরা হা/২৯১৯।

[3]. বুখারী হা/৬২৫১, ৬৬৬৭।

[4]. বুখারী হা/৭৫৭, ১/১০৫ পৃঃ, (ইফাবা হা/৭২১, ২/১১০ পৃঃ) এবং হা/৭৯৩, ৬২৫২; ছহীহ মুসলিম হা/৯১১।

[5]. ছিফাতু ছালাতিন নবী, পৃঃ ১৫৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1927

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন